



পশ্চিমবঙ্গ সরকার
জনশিক্ষা প্রসার অধিকার
বিকাশ ভবন, দশম তল
কলকাতা - ৭০০ ০৯১

বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ব্যবস্থাপনায় ২০২১ সালে মাধ্যমিক/উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় উত্তীর্ণ কৃতি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী সহ এই বিভাগ কত্থুক পরিচালিত সমাজ কল্যাণ আবাসের কৃতি ছাত্রছাত্রীদের জেলাভিত্তিক আর্থিক পুরস্কার সহ সম্বর্ধনা জ্ঞাপন করা হবে।

উক্ত সম্বর্ধনার জন্য আবেদনকারী/আবেদনকারিণীকে -

- ১। ক) অস্থি প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের মাধ্যমিক /সমতুল পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর পেতে হবে।
খ) দৃষ্টি প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের মাধ্যমিক/সমতুল পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর পেতে হবে।
গ) শ্রবণ প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের মাধ্যমিক /সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হলেই চলবে।
ঘ) সাধারণ বিদ্যালয়ে পাঠরত মানসিক প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের মাধ্যমিক/উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হলেই চলবে।
- ২। ক) অস্থি প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষার প্রথম ভাষা, দ্বিতীয় ভাষা এবং বাকী চারটি মুখ্য বিষয়ের মধ্যে সর্বাধিক নম্বর প্রাপ্ত তিনটি বিষয়ের মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৪৫% হতে হবে।
খ) দৃষ্টি প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষার প্রথম ভাষা, দ্বিতীয় ভাষা এবং বাকী চারটি মুখ্য বিষয়ের মধ্যে সর্বাধিক নম্বর প্রাপ্ত তিনটি বিষয়ের মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৪৫% হতে হবে।
গ) শ্রবণ প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হলেই চলবে।
- ৩) পশ্চিমবঙ্গ সরকার পোষিত এবং/অথবা মানসিক প্রতিবন্ধীদের প্রতিটি বিদ্যালয় থেকে একজন ছাত্র অথবা ছাত্রীকে (বিগত তিন বছরের মূল্যায়ন করে তার উন্নতির ভিত্তিতে) একই ভাবে সম্বর্ধিত করা হবে। সরকার পোষিত/স্বীকৃত মানসিক প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত শিক্ষক নির্বাচিত একজন ছাত্র/ছাত্রী সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা আধিকারিকের কার্যালয়ে পাঠাবেন।
- ৪) এই দপ্তরের অধীন সমাজ কল্যাণ আবাসের ন্যূনতম ৪৫% নম্বর প্রাপক ছাত্রছাত্রীদের একই ভাবে সম্বর্ধিত করা হবে। উপরোক্ত সম্বর্ধনার জন্য আবেদন কারী/আবেদনকারিণীকে সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা প্রসার আধিকারিকের নিকট নিম্নলিখিত ফর্মে আবেদন করতে হবে।

ও.এস.ডি এবং পদাধিকারবলে অধিকর্তা
জনশিক্ষা প্রসার অধিকার
পশ্চিমবঙ্গ সরকার